“হে মানব সকল! দীনের বিষয়ে বাড়াবাড়ি করা থেকে তোমরা সাবধান থাকো। কেননা তোমাদের পূর্বেকার লোকেদেরকে দীনের ব্যাপারে তাদের বাড়াবাড়ি ধ্বংস করেছে। ”

ইবনু আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত , তিনি বলেন: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ غَدَاةَ الْعَقَبَةِ وَهُوَ عَلَى نَاقَتِهِ: «الْقُطْ لِي حَصًى» فَلَقَطْتُ لَهُ سَبْعَ حَصَيَاتٍ، هُنَّ حَصَى الْخَذْفِ، فَجَعَلَ يَنْفُضُهُنَّ فِي كَفِّهِ وَيَقُولُ: «أَمْثَالَ هَؤُلَاءِ فَارْمُوا» ثُمَّ قَالَ: «أَيُّهَا النَّاسُ، إِيَّاكُمْ وَالْغُلُوَّ فِي الدِّينِ، فَإِنَّما أَهْلَكَ مَنْ كَانَ قَبْلَكُمْ الْغُلُوُّ فِي الدِّينِ». রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জামরাতুল ’আকাবার ভোরে তাঁর উষ্ট্রীর পিঠে আরোহিত অবস্থায় বলেন : “আমার জন্য কঙ্কর সংগ্রহ করে আন।” আমি তাঁর জন্য সাতটি কঙ্কর সংগ্রহ করলাম। তা ছিল আকারে ক্ষুদ্র। তিনি তা নিজের হাতের তালুতে নাড়াচাড়া করতে করতে বলেন: “এই আকারের ক্ষুদ্র কঙ্কর নিক্ষেপ করবে।” অতঃপর তিনি বলেন: “হে মানব সকল! দীনের বিষয়ে বাড়াবাড়ি করা থেকে তোমরা সাবধান থাকো। কেননা তোমাদের পূর্বেকার লোকেদেরকে দীনের ব্যাপারে তাদের বাড়াবাড়ি ধ্বংস করেছে।”

[সহীহ] [এটি ইবনে মাজাহ, নাসায়ী ও আহমাদ বর্ণনা করেছেন।]

ইবনু আব্বাস রাদিয়াল্লাহু ‘আনহুমা বর্ণনা করেন যে , তিনি বিদায় হজ্জের সময় কোরবানির দিন জামারাত আল-‘আক্বাবা তে পাথর মারার সকালে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাথে ছিলেন। তিনি তাকে তার জন্য কঙ্কর সংগ্রহ করার নির্দেশ দিলে তিনি (ইবনু আব্বাস) তাঁর জন্য সাতটি কঙ্কর সংগ্রহ করলেন , যার মধ্যে প্রতিটি ছিল ছোলা বা হেজেলনাটের আকার , নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম তা নিজের হাতের তালুতে নাড়াচাড়া করতে করতে বলেন : “এই আকারের ক্ষুদ্র কঙ্কর নিক্ষেপ করবে। ” অতঃপর নবী করীম সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম দ্বীনের ব্যাপারে বাড়াবাড়ি , চরমপন্থা এবং সীমালঙ্ঘনের ব্যাপারে সতর্ক করেছেন , কারণ পূর্ববর্তী জাতিগুলো দ্বীনের ব্যাপারে সীমা লঙ্ঘন , বাড়াবাড়ি ও চরমপন্থার কারণে ধ্বংস হয়ে গিয়েছিল।

http://sunnah.global/hadeeth/bn/show/3395